CHAPTER 11

# আমি

Shivayam Mukherjee

**Abstract**

The website is an honest effort to pay tribute to the late author, for his work and dedication towards bengali literature. We wish to reconnect to his lost readers and also gather new through this platform.

**Link to Work**

http://sudhumonerekho.in/index.php/poems/15/#%E0%A6%86%E0%A6%AE%E0%A6%BF

## আমি

***(এই কবিতা পড়ার একটা। নিজস্ব ঢং আছে তা সবাই জানে)***

**বা**বুমশাই
"আমি" যাকে বলি আমি, সেটা নাকি মানুষ
কিন্তু তবে অনেক ভেবে পেলাম সঠিক হুস
আমি দুই পদী জীব
আমি দুই পদী জীব, মুখেতে জিভ, বত্রিশটি দাঁত,
হাসার জন্য, পেয়ে ধন্য হেসেই করি মাত।

**How to cite this book chapter:**
Mukherjee, S. 2023. **আমি**. In: Menon, N., Shanmugapriya, T., Joseph, J. and Sutton, D. (eds.) *Indian Electronic Literature Anthology: Volume I*. Pp. 47–48. India: IITI KSHIP. DOI: https://doi.org/10.57004/book1.l. License: CC BY 4.0.

আমার লেজ নেই ভাই
আমার লেজ নেই ভাই তাইতো সদাই হাতে নিয়ে পাখা,
মশা মাছি তাড়িয়ে বেড়াই যখনই পাই দেখা।
আমার ক্ষুর নেই পায়
আমার ক্ষুর নেই পায়, তাইতো গো হায়, জুতায় পাটা ঢাকি,
কাটিনে জাবর আজব খবর পান চিবিয়ে থাকি।
আমার সিং নেই ভাই
আমার সিং নেই ভাই, গুঁতাই না তাই, মুখে করি শব্দ,
শব্দ শুনে, প্রমাদ গোনে তাতেই সবাই জব্দ।
তবে শুনুন মশাই
তবে শুনুন মশাই, বলে কসাই চামড়া আমার বাজে,
জুতা তৈরী হয়না এতে লাগে না তাই কাজে।
তাই ম'রে গেলে
তাই ম'রে গেলে পুড়িয়ে ফেলে, সব হ'য়ে যায় ছাই,
আমার আমি ছাই হয়ে যায়, সেই "আমি" আর নাই।
তবে একটা কথা
তবে একটা কথা, জীবন বৃথা না যদি জানাই,
সভার শেষে বসে, একটু বলে যাই,
আমি দুঃখীর দুঃখে কাঁদতে পারি
সুখীর সুখে হাসতে পারি
রোগির সেবা করতে পারি
পরের জন্য মরতে পারি
আমি যে ভাই তাঁরই অংশ জানেন অন্তর্যামী
এই "আমির 'ই মাঝে আছে আর এক রকম'আমি'"
তাকে দেখতে শিখুন, বুঝতে শিখুন, এই দুনিয়া ভাই
"পাক্কা আমির" জায়গা আছে "কাঁচা আমির" নাই
বাবুমশাই ভিক্ষা যে চাই, সবার পদধূলি
প্রণাম জানাই ভুলতে যে চাই "আমি" "আমি" বুলি।

## Contributor Biography

My name is **Shivayan Mukherjee**, a software engineer by profession. Apart from being a coder, I find great interest in traveling and Blogging. The website in discussion here is also a result of my passion for Blogging. I am the grandson of Late Mukti Prokas Mukherjee, the author of the writings of the website 'sudhumonetekho.in' and also its creator.